



# বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়  
বাগেরহাট।



দূরালোচনা : অফিসঃ ০৪৬৮-৬২৫৮৮

E-mail: raobagerhat@krishibank.org.bd

আনিকা/প্রশাসন-৪৫(শুদ্ধাচার)/২০২১-২০২২/১৮০

তারিখ : ২৩/০৬/২০২২ ইং

## বিষয়: এপ্রিল ২০২২ হতে জুন ২০২২ পর্যন্ত সময়কালের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি :: জনাব রেজা মোহাম্মদ আলী আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাগেরহাট।  
তারিখ ও সময় : ২৩ জুন ২০২২, বিকাল ৪.১০ ঘটিকা।  
স্থান : আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাগেরহাট।  
উপস্থিতি : প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।

সভার শুরুতেই সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্থ বছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি ৩য় প্রান্তিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন এবং সকল সিদ্ধান্ত ১০০% বাস্তবায়নের জন্য অঞ্চলের শাখা ব্যবস্থাপকগণ সহ সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের একান্ত সহযোগিতা কামনা করেন।

০২। সভার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শেখ সোহরাব হোসেন, উর্ধ্বতন কর্মকর্তা এর পরিচালনায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ সভা অনুষ্ঠিত হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

- ৩.১) সর্বপর্যায়ে হিসাব ও ঋণ ম্যানুয়াল অনুসরণ, কার্যক্ষেত্রে পরিপত্র প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ৩.২) শাখা পর্যায়ে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়াল ২০১৮ পরিপালন নিশ্চিত করতে হবে।
- ৩.৩) ব্যক্তিক ও কর্ম পরিবেশের পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- ৩.৪) গ্রাহক সেবা ও সন্তুষ্টি নিশ্চিত হচ্ছে কিনা তা যাচাইয়ের জন্য নিয়মিতভাবে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে।
- ৩.৫) সকল প্রকার দুর্নীতির বিরুদ্ধে নিজে সচেতন হতে হবে ও অপরকে সচেতন করতে হবে।
- ৩.৬) নিজের উপর অর্পিত দায়িত্ব দ্রুত ও যথাযথভাবে সম্পাদন করতে হবে।
- ৩.৭) অর্থবছরের ১ম, ২য় ও ৩য় প্রান্তিক সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ পরিপালন অব্যাহত রাখতে হবে।
- ৩.৮) উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।
- ৩.৯) ০৩ নং ক্রমিকের সকল সিদ্ধান্ত অত্র মুখ্য অঞ্চলাধীন ২১(একুশ)টি শাখা ও কার্যালয় সমূহে পরিপালনের জন্য অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

( রেজা মোহাম্মদ আলী )

আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

বিকেলি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাগেরহাট